

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৫ এপ্রিল ২০২৪ খ্রি.

প্রাকৃতিক দুর্ঘেস্থির বাস্তুচ্যুত মানুষের শহরে অভিবাসন ও জীবনব্যাপক নিয়ে মতবিনিময় সভায় অনুষ্ঠিত

বেসরকারি উন্নয়ন সংস্থা ইপসা বাংলাদেশে প্রাকৃতিক দুর্ঘেস্থির কারণে বাস্তুচ্যুত মানুষের শহরে অভিবাসন, অভিযোজন ও নগর উন্নয়ন বিষয়ক এক মতবিনিময় সভা আজ সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

ইপসার প্রধান নির্বাহী মো. আরিফুর রহমানের সভাপতিত্বে গবেষণা কর্মকর্তা মোরশেদ হোসেন মোল্লার সঞ্চালনায় মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. ইকবাল সারোয়ার ও চসিকের প্রধান শিক্ষা কর্মকর্তা মো. সাইফুর রহমান। সভায় স্বাগত বক্তব্য রাখেন ইপসার পরিচালক নাসিম বানু শ্যামলী ও মূল প্রবন্ধ উপস্থাপন করেন পরিচালক মো. শাহজাহান।

প্রধান অতিথির বক্তব্যে চসিক প্রধান নির্বাহ কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম বলেন, প্রাকৃতিক দুর্ঘেস্থির কারণে দেশের বিভিন্ন জেলা থেকে বাস্তুচ্যুত মানুষের জীবন ও জীবিকা নিয়ে গবেষণা করে। তাদের উপকারে কাজ করে যাচ্ছে।

সড়ক নিরাপত্তা নিশ্চিতে চসিক প্রকৌশলীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মশালা অনুষ্ঠিত

সড়ক দুর্ঘটনা কোনো দৈর বিষয় নয়। এর পিছনে নানান কারণ কাজ করে যেগুলো প্রতিরোধ করা সম্ভব। সড়ক ডিজাইনে ক্রিটি, ফিটনেসবিহীন যান চলাচল, চালকের অদক্ষতাসহ বিভিন্ন কারণেই রোড ক্র্যাশ হতে পারে।

সড়ক নিরাপত্তা নিশ্চিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) প্রকৌশলীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত কর্মশালায় একথা বলেন প্রধান প্রকৌশলী শাহিন-উল ইসলাম চৌধুরী। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, নগরীর সড়কগুলোকে নিরাপদ করতে চসিক, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), পুলিশ সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। তিনি আশা করেন, এই কর্মশালা চসিক প্রকৌশলীদের ভবিষ্যতে নিরাপদ সড়ক নির্মাণে সহায়তা করবে।

আজ বৃহস্পতিবার নগরীর লালদিঘীতে চসিক লাইন্টের ভবনের হলরুমে চসিক প্রকৌশলীদের জন্য ‘কোলাবোরেটিভ ডিজাইন লার্নিং-অন গ্রাউন্ড টেস্ট’ শীর্ষক দিনব্যাপী কর্মশালার আয়োজন করে ওয়ার্ল্ড রিসোর্সেস ইনসিটিউট (ড্রিউআরআই)। সড়ক নিরাপত্তা নিশ্চিতে প্রকৌশলীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত কর্মশালা সিরিজের এটা তৃতীয় কর্মশালা।

সড়ক নিরাপত্তা নিশ্চিতে বৈশিক মানদণ্ড অনুসরণ করে সম্প্রতি নগরীর ‘কাঞ্চাই রাস্তার মাথা’ ইন্টারসেকশনের ডিজাইন করেছে ড্রিউআরআই। ডিজাইনটির কার্যকারিতা যাচাই করার জন্য আগামী সাতদিন তা অস্থায়ীভাবে বাস্তবায়ন করা হবে। এই পুরো প্রক্রিয়া সম্পর্কে চসিক প্রকৌশলীদের সার্বিক ধারণা প্রদান করতে কর্মশালাটি আয়োজন করা হয়।

চট্টগ্রাম নগরীতে রোড ক্র্যাশে মৃত্যু প্রতিরোধে ঝুঁঝুর্বার্গ ফিলান্থুপিস ইনিশিয়েটিভ ফর গ্লোবাল রোড সেফটি'র (বিআইজিআরএস) সাথে কাজ শুরু করেছে চসিক। বিআইজিআরএসের অংশীদার হিসাবে, প্রতিষ্ঠানটি বিভিন্ন দেশের ভৌগলিক এবং স্থানীয় প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে নিরাপদ সড়ক ডিজাইন ও নির্মাণে শহরগুলিকে সহায়তা করে থাকে।

এর অংশ হিসেবে চট্টগ্রাম শহরে ইন্টারসেকশন ও সড়ক ডিজাইনের বিষয়ে চসিক প্রকৌশলীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এর আগে ‘ক্রিয়েটিং স্ট্রি বেস্টস ফর অল’ এবং ‘কোলাবোরেটিভ ডিজাইন লার্নিং-ইন্টারসেকশন ডিজাইন’ শীর্ষক কর্মশালা আয়োজন করা হয়।

অনুষ্ঠানে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) অতিরিক্ত কমিশনার (ট্রাফিক) মাসুদ আহমেদ ও ডেপুটি কমিশনার (ট্রাফিক উন্নৰ) জয়নুল আবেদীন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালার শুরুতে চট্টগ্রাম মেট্রোপলিটন মাস্টারপ্ল্যান প্রস্তুতি প্রকল্পের উপ-দলনেতা ড. মোহাম্মদ নুরুল হাসান চট্টগ্রাম নগরীতে নিরাপদ সড়ক ব্যবস্থা নিয়ে প্রবন্ধ উপস্থাপন করেন।

কর্মশালায় ড্রিউআরআই-এর প্রামার্শক স্থপতি ফারজানা ইসলাম তামা অংশগ্রহণকারী প্রকৌশলীদের সামনে ‘কাঞ্চাই রাস্তার মাথা’ ইন্টারসেকশনের ডিজাইন প্রক্রিয়া তুলে করেন। তিনি বলেন, ‘সড়কের যেকোনো ডিজাইন স্থায়ীভাবে বাস্তবায়নের পূর্বে পরীক্ষামূলকভাবে এর কার্যকারিতা যাচাই করা উচিত। এর ফলে ডিজাইনের কোনো ক্রিটি থাকলে তা সমাধান করা যায়। ‘কাঞ্চাই রাস্তার মাথা’র ক্ষেত্রেও আগে পরীক্ষামূলকভাবে সাতদিন ডিজাইনটি যাচাই করা হবে। এটি সফল হলে চসিক তা স্থায়ীভাবে বাস্তবায়ন করবে।’

এরপর অংশগ্রহণকারী প্রকৌশলীরা কর্মশালার আলোচনার ভিত্তিতে একটি ইন্টারসেকশন ডিজাইন করেন। পরে তারা সরেজমিনে ‘কাঞ্চাই রাস্তার মাথা’ ইন্টারসেকশনটি পরিদর্শন করেন। এসময় তারা সেখানে ইন্টারসেকশনের নতুন ডিজাইনের ট্রায়াল উদ্বোধন করেন। কর্মশালায় চসিকের ২৬ জন, সিডিএ’র ২ জন ও সড়ক বিভাগের একজন প্রকৌশলী এবং সিএমপির ট্রাফিক বিভাগের ১০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

**চসিকের উচ্চেদ অভিযান পরিচালিত
নালা ও ফুটপাত থেকে শতাধিক অবৈধ দোকান উচ্চেদ
১৫ হাজার টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা’র নেতৃত্বে আজ বৃহস্পতিবার সকালে নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে জিইসি মোড় হতে ও.আর.নিজাম রোডের উভয়পার্শে নালা ও ফুটপাত দখল করে অবৈধভাবে গড়ে উঠা শতাধিক দোকান ও স্থাপনা উচ্চেদ করা হয়। সে সময় ফুটপাত দখল করে ব্যবসায় পরিচালনার দায়ে ৩ ব্যক্তির বিরুদ্ধে মামলা রঞ্জু পূর্বক ১৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযান চলাকালীন সময় সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮